রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২১ আগস্ট ২০০৫/৬ ভাদ্র ১৪১২

এস, আর, ও নং ২৬৩-আইন/২০০৫/সম(বিধি-১)এস-৯/২০০০(অংশ-২)।—গণপ্রজাতন্ত্র বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০ (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন এই বিধিমালার ২(ক) উপ-বিধিতে বর্ণিত যে কোন উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে সৃষ্ট কারিগরি পদের পদধারীদের নিয়োগ/নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "উন্নয়ন প্রকল্প" বলিতে ১৯৯৭ সালের ১লা জুলাই হইতে ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে শুরু হওয়া সরকার অনুমোদিত কৃষি মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটভুক্ত নিম্নবর্ণিত প্রকল্পসমূহ, যথা ঃ—

(১) কৃষি তথ্য সার্ভিস শক্তিশালীকরণ;

(২) সারের গুণগতমান নির্ধারণে পরীক্ষাগার স্থাপন ও প্রশিক্ষণ প্রকল্প;

(৩) গম গবেষণা কেন্দ্রকে গম গবেষণা ইনস্টিটিউটে উন্নীতকরণের লক্ষ্যে ব্রিজিং প্রকল্প;

(৪) উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র জোরদারকরণ;

(৫) উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র জোরদারকরণ;

(৬) জীবাণু সার উৎপাদনের জন্য পাইলট প্রকল্প;



মূল্য ঃ টাকা ৬.০০

(৭) খাদ্য শস্য উৎপাদন অব্যাহত রাখতে বিনার উপ-কেন্দ্রসমূহ উন্নয়ন;

(৮) এস্টাব্লিশমেন্ট অব বায়োফার্টিলাইজার রিসোর্স সেন্টার;

(৯) বিনার উপকেন্দ্রসমূহের উন্নয়ন-২য় পর্যায়;

(১০) পাট গবেষণা জোরদারকরণ প্রকল্প;

(১১) আউটরীচ রিসার্চ প্রোগ্রাম অব ব্রি;

(১২) জীন ব্যাংকের সুবিধাদি বৃদ্ধি ও ইহার বিদ্যমান শক্তিশালীকরণ;

(১৩) এক্সপানশন এন্ড আপগ্রেডিং অব বায়োটেকনোলজি ল্যাব এন্ড সয়েল সায়েন্স এনালাইটিক্যাল ল্যাব অব ব্রিঃ;

(১৪) যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদ বৃদ্ধিকল্পে ব্রি-উদ্ভাবিত যন্ত্রপাতি জনপ্রিয়করণ প্রকল্প;

(১৫) বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট জার্মপ্লাজম ব্যাংক জোরদারকরণ প্রকল্প;

(১৬) তুলা গবেষণা, বীজ উৎপাদন ও সম্প্রারণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প;

(১৭) খরা ঝুঁকিপূর্ণ এলাকায় সম্পূরক সেচ সহায়তার মাধ্যমে রোপা আমন ফসলের উৎপাদন বৃদ্ধি (সংশোধিত) প্রকল্প;

(১৮) সমন্বিত মৃত্তিকা উর্বরতা ও সার ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায়;

(১৯) নন-মিল জোন ইক্ষুচাষ জোরদারকরণ প্রকল্প (২য় পর্যায়);

(২০) এগ্রিকালচারাল সার্ভিসেস ইনোভেশন এন্ড রিফর্ম প্রজেক্ট (ASIRP);

(২১) ইন্ট্রিগেট হর্টিকালচার এন্ড নিউট্রিশন উন্নয়ন প্রকল্প;

(২২) বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি ও বরগুনা স্মলহোল্ডার সাপোর্ট প্রকল্প;

(২৩) বৃহত্তর সিলেট জেলায় কমলা ও আনারস উন্নয়নসহ সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প;

(২৪) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের বিদ্যমান হর্টিকালচার সেন্টার উন্নয়ন প্রকল্প;

(২৫) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মাশরুম (প্রথম পর্যায়) চাষ প্রকল্প;

(২৬) নর্থওয়েস্ট ক্রপ ডাইভারসিফিকেশন প্রজেক্ট;

(২৭) উদ্ভিদ সংরক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প-২য় পর্যায়;

(২৮) সোবহানবাগস্থ মাশরুম সেন্টার উন্নয়ন প্রকল্প, সাভার ঢাকা;

(২৯) মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার স্থাপন প্রকল্প;

(৩০) সয়েল রিসোর্সেস ম্যানেজমেন্ট এ্যান্ড অ্যানালাইটিক্যাল প্রকল্প।

(খ) "উন্নয়ন প্রকল্পের চাকুরীকাল" অর্থ ২(ক) উপ-বিধিতে বর্ণিত উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হইতে উক্ত প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত চাকুরীকাল;

(গ) "উন্নয়ন প্রকল্পের কর্মচারী" অর্থ ২(ক) উপ-বিধিতে উল্লিখিত কোন উন্নয়ন প্রকল্পের কারিগরি পদে নিযুক্ত কর্মকর্তা বা কর্মচারী;

(ঘ) "কর্তৃপক্ষ" অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(ঙ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(চ) "কারিগরি পদ" অর্থ এই বিধিমালার তফসিল "ক" এ উল্লিখিত প্রকল্পসমূহের বিপরীতে বর্ণিত পদ;

(ছ) "নিয়মিতকরণ" অর্থ রাজস্ব বাজেটের কারিগরি পদে সাময়িকভাবে পদস্থ যে কোন প্রকল্পের কারিগরি কর্মকর্তা বা কর্মচারীকে উক্ত পদে কমিশন বা ক্ষেত্রমতে উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশক্রমে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(জ) "রাজস্ব বাজেটের পদ" অর্থ ২(ক) উপ-বিধিতে উল্লিখিত উন্নয়ন প্রকল্পের কারিগরি পদ যাহা রাজস্ব বাজেটে স্থানান্তরিত বা নতুনভাবে সৃজিত হইয়াছে বা হইবে;

(ঝ) "সাময়িকভাবে পদস্থ" অর্থ উন্নয়ন বাজেট হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত/সৃষ্টি পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত;

(ঞ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাততঃ বলবৎ অন্য কোন বিধিমালা, আদেশ বা নির্দেশ যাহা কিছুই থাকুক না কেন, উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) এই বিধিমালার ২(ক) উপ-বিধিতে বর্ণিত প্রকল্পে কারিগরি পদের কর্মকর্তা বা কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিত করা যাইবে, যথা ঃ—

(ক) এই বিধিমালার তফসিল "ক" এ বর্ণিত প্রকল্পসমূহের রাজস্ব বাজেটে স্থানান্তরিত/সৃজনকৃত কেবলমাত্র কারিগরি পদে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগ, নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি অনুসরণ হইয়া থাকিলে তাহাকে উক্ত পদে নিয়মিতকরণ করা যাইবে;

(খ) উক্ত কর্মকর্তা বা কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইতে হইবে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা বা কর্মচারী অবসর প্রস্তুতকালীন ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে ক্ষেত্রমত, অবসর প্রস্তুতিকালীন ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ছুটিতে যাইবার বা বয়স উত্তীর্ণ হইবার বা মৃত্যুবরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইতে হইবে।

(৩) কর্ম কমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোন পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়মিত করিতে হইবে।

৫। জ্যেষ্ঠতা নির্ধারণ।—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকুরী নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) কোন উন্নয়ন প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা ঃ—

(ক) উন্নয়ন প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে;

(খ) দফা (ক) এ উল্লিখিত তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে সেই ক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) কোন উন্নয়ন প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী প্রয়োজনীয় কাগজ-পত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নয়, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে সেই ক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) একাধিক উন্নয়ন প্রকল্প হইতে একই পদে দুই বা ততোধিক কর্মকর্তা বা কর্মচারীকে নিয়মিত করা হইলে সেইক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের যোগদানের তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৫) একাধিক উন্নয়ন প্রকল্প হইতে একই পদে দুই বা ততোধিক কর্মকর্তা বা কর্মচারীকে নিয়মিত করা হইলে এবং তাহাদের যোগদানের তারিখ একই হইলে সেইক্ষেত্রে বয়ঃ জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৬) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। উন্নয়ন প্রকল্পের চাকুরীকাল গণনা।—নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর উন্নয়ন প্রকল্পে চাকুরীকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষংগিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। অসুবিধা দূরীকরণ।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সংগতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এস এম আব্দুল হালিম
সচিব।

তফসিল-ক

## কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১-৭-৯৭—৩১-১২-২০০৪ তারিখের মধ্যে গৃহীত উন্নয়ন প্রকল্পের কারিগরি পদসমূহের তফসিল

| ক্রমিক নং | প্রকল্পের নাম | শুরু ও সমাপ্ত হওয়ার তারিখ | কারিগরি পদের বিবরণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | "কৃষি তথ্য সার্ভিস শক্তিশালীকরণ"। | ০১-০৭-১৯৯৯<br>৩০-০৬-২০০৪ | ১. ভিডিও ক্যামেরাম্যান<br>২. আঞ্চলিক কৃষি তথ্য অফিসার<br>৩. ভিডিও এডিটর<br>৪. সহকারী ভিডিও ক্যামেরাম্যান<br>৫. টেকনিক্যাল পার্টিসিপেন্ট<br>৬. অডিও ভিস্যুয়াল ইউনিট অপারেটর<br>৭. লাইটিং এ্যাসিসটেন্ট |
| ২. | সারের গুণগতমান নির্ধারণে পরীক্ষাগার স্থাপন ও প্রশিক্ষণ প্রকল্প। | ০১-০৭-১৯৯৯<br>৩০-০৬-২০০৫ | ১. উর্ধ্বতন ল্যাব টেকনিশিয়ান<br>২. ল্যাব সহকারী |
| ৩. | গম গবেষণা কেন্দ্রকে গম গবেষণা ইনস্টিটিউটে উন্নীতকরণের লক্ষ্যে ব্রিজিং প্রকল্প। | ০১-০৭-১৯৯৯<br>৩০-০৬-২০০৫ | ১. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৪. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৫. উর্ধ্বতন বৈজ্ঞানিক সহকারী |
| ৪. | উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র জোরদারকরণ। | ০১-০১-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৪. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৫. সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৫. | উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র জোরদারকরণ। | ০১-০৭-২০০৪<br>৩০-০৬-২০০৮ | ১. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৪. বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৬. | জীবাণু সার উৎপাদনের জন্য পাইলট প্রকল্প। | ০১-০৭-১৯৯৯<br>৩০-০৬-২০০৩ | ১. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৪. প্রকর্মী (ডিপ্লোমা প্রকৌশলী) |
| ৭. | খাদ্য শস্য উৎপাদন অব্যাহত রাখতে বিনার উপকেন্দ্রসমূহ উন্নয়ন। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৮. | এস্টাব্লিশমেন্ট অব বায়োফার্টিলাইজার রিসোর্স সেন্টার। | ০১-০৭-২০০৩<br>৩০-০৬-২০০৬ | ১. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৪. বৈজ্ঞানিক সহকারী<br>৫. গবেষণা সহগামী |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৯. | বিনার উপ-কেন্দ্রসমুহের উন্নয়ন-২য় পর্যায়। | ০১-১২-২০০৩<br>৩০-১২-২০০৪ | ১. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ১০. | পাট গবেষণা জোরদারকরণ প্রকল্প। | ০১-০৭-১৯৯৭<br>৩০-০৬-২০০৪ | **অর্থনীতি ও বিপণন গবেষণা বিভাগ ঃ**<br>১. মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতি/মার্কেটিং)<br>৩. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতি/মার্কেটিং)<br>৪. বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতি/মার্কেটিং)<br>পাট গবেষণা উপকেন্দ্র, পটুয়াখালী<br>১. বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ১১. | আউটরীচ রিসার্চ প্রোগ্রাম অব ব্রি। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. চীফ বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. চীফ প্লানিং অফিসার<br>৩. অডিও ভিজুয়েল অপারেটর |
| ১২. | জীন ব্যাংকের সুবিধাদি বৃদ্ধি ও ইহার বিদ্যমান শক্তিশালীকরণ। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>২. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. জীন ব্যাংক টেকনিশিয়ান |
| ১৩. | এক্সপানশন এন্ড আপগ্রেডিং অব বায়োটেক-নোলজি ল্যাব এন্ড সয়েল সায়েন্স এনালাইটিক্যাল ল্যাব অব ব্রি। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. সিনিয়র সায়েন্টিফিক এ্যাসিসট্যান্ট (এসএসএ)<br>৪. সায়েন্টিফিক এ্যাসিসট্যান্ট (এসএ)<br>৫. ল্যাবরেটরী এ্যাসিসট্যান্ট (এলএ) |
| ১৪. | যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদ বৃদ্ধিকল্পে ব্রি-উদ্ভাবিত যন্ত্রপাতি জনপ্রিয়করণ প্রকল্প। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. এগ্রিকালচার ইঞ্জিনিয়ার<br>২. রিসার্চ এ্যাসিসটেন্ট |
| ১৫. | বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট জার্মপ্লাজম ব্যাংক জোরদারকরণ প্রকল্প। | ০১-০৭-১৯৯৯<br>৩০-০৬-২০০৪ | ১. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. বৈজ্ঞানিক সহকারী |
| ১৬. | তুলা গবেষণা, বীজ উৎপাদন ও সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. সিনিয়র সীড প্রোডাকশন অফিসার<br>৩. সিনিয়র বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৪. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৫. বৈজ্ঞানিক সহকারী |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ১৭. | "খরা ঝুঁকিপূর্ণ এলাকায় সম্পূরক সেচ সহায়তার মাধ্যমে রোপা আমন ফসলের উৎপাদন বৃদ্ধি (সংশোধিত)" প্রকল্প। | ০১-০৭-১৯৯৮<br>৩০-০৬-২০০৫ | ১. সিনিয়র কৃষি প্রকৌশলী |
| ১৮. | সমন্বিত মৃত্তিকা উর্বরতা ও সার ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায়। | ০১-০৭-১৯৯৯<br>৩০-০৬-২০০৬ | ১. বিষয়বস্তু বিশেষজ্ঞ |
| ১৯. | নন-মিল জোন ইক্ষু চাষ জোরদারকরণ প্রকল্প (২য় পর্যায়)। | ০১-০৭-১৯৯৯<br>৩০-০৬-২০০৫ | ১. প্রধান গুড় বিশেষজ্ঞ<br>২. প্লান্ট অপারেটর |
| ২০. | এগ্রিকালচারাল সার্ভিসেস ইনোভেশন এন্ড রিফর্ম প্রজেক্ট (ASIRP)। | ১-৭-১৯৯৯<br>৩১-০৩-২০০৪ | ১. সিনিয়র কৃষি প্রকৌশলী<br>২. কৃষি প্রকৌশলী |
| ২১. | ইন্টিগ্রেটেড হর্টিকালচার এন্ড নিউট্রিশন উন্নয়ন প্রকল্প। | ০১-০১-২০০০<br>৩১-১২-২০০৫ | ১. সিনিয়র হর্টিকালচার অফিসার<br>২. মনিটরিং এবং ইভ্যালুয়েশন অফিসার<br>৩. উদ্যান উন্নয়ন কর্মকর্তা<br>৪. সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা |
| ২২. | বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি ও বরগুনা স্মলহোল্ডার সাপোর্ট প্রকল্প। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. অডিও ভিজ্যুয়াল অপারেটর |
| ২৩. | বৃহত্তর সিলেট জেলায় কমলা ও আনারস উন্নয়নসহ সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. উদ্যান উন্নয়ন কর্মকর্তা<br>২. সহঃ উদ্যান উন্নয়ন কর্মকর্তা<br>৩. কৃষি প্রকৌশলী |
| ২৪. | পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের বিদ্যমান হর্টিকালচার সেন্টার উন্নয়ন প্রকল্প। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. উদ্যান তত্ত্ববিদ |
| ২৫. | পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মাসরুম (প্রথম পর্যায়) চাষ প্রকল্প। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৫ | ১. উদ্যান তত্ত্ববিদ<br>২. বীজ উৎপাদন অফিসার<br>৩. সহকারী উদ্যান তত্ত্ববিদ<br>৪. ল্যাবরেটরী এ্যাসিসটেন্ট<br>৫. কালচার এ্যাসিসটেন্ট |
| ২৬. | নর্থওয়েস্ট ক্রপ ডাইভারসিফিকেশন প্রজেক্ট। | ০১-০৭-২০০১<br>৩০-০৬-২০০৮ | ১. উদ্যান বিশেষজ্ঞ<br>২. মনিটরিং মূল্যায়ন কর্মকর্তা |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ২৭. | উদ্ভিদ সংরক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প-২য় পর্যায়। | ০১-০৭-২০০২<br>৩০-০৬-২০০৫ | ১. উর্ধ্বতন উদ্ভিদ রোগতত্ত্ববিদ<br>২. উর্ধ্বতন কীটতত্ত্ববিদ<br>৩. ভাট্রিব্রেট স্পেশালিষ্ট<br>৪. পেস্টিসাইড রেগুলেশন অফিসার<br>৫. সংগনিরোধ কীটতত্ত্ববিদ<br>৬. এ্যাসিস্ট্যান্ট পেস্টিসাইড টক্সিকলজিস্ট<br>৭. সংগনিরোধ রোগতত্ত্ববিদ<br>৮. উদ্ভিদ সংগোনিরোধ কর্মকর্তা<br>৯. কৃষি সম্প্রসারণ অফিসার<br>১০. উদ্ভিদ রোগতত্ত্ববিদ<br>১১. রেসিডিউ এনালিষ্ট<br>১২. টেকনিক্যাল এ্যাসিসটেন্ট<br>১৩. ল্যাবরেটরী এ্যাসিসট্যান্ট<br>১৪. গ্রাস হাউজ এ্যাটেনডেন্ট<br>১৫. ফিউমিগেশন প্লান্ট অপারেটর<br>১৬. প্লান্ট অপারেটর |
| ২৮. | সোবহানবাগস্থ মাশরুম সেন্টার উন্নয়ন প্রকল্প, সাভার, ঢাকা। | ০১-০৭-২০০৩<br>৩০-০৬-২০০৬ | ১. সহকারী ল্যাবরেটরী টেকনিশিয়ান |
| ২৯. | "মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার স্থাপন" প্রকল্প। | ০১-০৭-১৯৯৯<br>৩০-০৬-২০০৬ | ১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৩০. | "সয়েল রিসোর্সেস ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যানালাইটিক্যাল" প্রকল্প। | ০১-০৭-২০০০<br>৩০-০৬-২০০৩ | ১. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৪. বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৫. কার্টোগ্রাফিক ক্যামেরা অপারেটর<br>৬. উর্ধ্বতন সার্ভেয়র<br>৭. গ্রাফিক আর্টিস্ট<br>৮. অডিও ভিজ্যুয়াল ইনস্ট্রুমেন্ট অপারেটর<br>৯. ট্রেসার<br>১০. সার্ভেয়ার<br>১১. অ্যামোনিয়া প্রিন্টার অপারেটর<br>১২. ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট |

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।